

ছাত্রলীগের কর্মকাণ্ডের দায়ভার সরকার নেবে না: ভূমি প্রতিমন্ত্রী

■ চট্টগ্রাম অফিস
চট্টগ্রামে অনুষ্ঠিত বিবিসি বাংলাদেশ
সংলাপে ছাত্রলীগের সাম্প্রতিক
কর্মকাণ্ড নিয়ে দর্শকদের ভোপের মুখে
পড়েন ভূমি প্রতিমন্ত্রী সাইফুজ্জামান
চৌধুরী। ছাত্রলীগ কি নিজস্ব
কর্মকাণ্ডের কারণে আওয়ামী লীগের
জন্য বোকা হয়ে পড়া ২ কলাম ৬

ছাত্রলীগের কর্মকাণ্ডের

২০ পৃষ্ঠার পর
দাঁড়াতে পারে, এমন প্রশ্নের উত্তরে ভূমি
প্রতিমন্ত্রী বলেন, বর্তমানে ছাত্রলীগ যা
করছে তাতে সরকারে-থাকায় আশিও
কিছুটা বিরত। তবে ছাত্র
সংগঠনগুলোর এমন বেপরোয়া
আচরণ নতুন কিছু নয়। অতীতে সব
সরকারের সময় এটা হয়েছে। মন্ত্রী
বলেন, ছাত্রলীগ কর্মীদের বয়স কিছুটা
কম। তাই তাদের বুদ্ধিও এখনো
পরিপক্ব হয়নি। ছাত্রলীগকে বোকা
মনে করি না উল্লেখ করে মন্ত্রী বলেন,
আমরা কেন ছাত্রলীগের দায়ভার নেবে?
আমরা ফকতায় এসেছি সুন্দর পরিবেশ
তৈরি করার জন্য। আমরা রাজনীতিতে
গুণগত পরিবর্তন আনতে চাই। তিনি
বলেন, অপরাধীকে ছেড়ে দেয়া হবে
না। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ফাদের
হাতে অস্ত্র ছিল পুলিশ তাদের খুঁজছে।
গভকাল শনিবার নগরীর
পূর্বাঞ্চলীয় রেলওয়ের সদর দফতর
সিআরবিতে এ সংলাপ অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে প্যানেল সদস্য হিসেবে ভূমি
প্রতিমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন
বিএনপি'র জাইম চেয়ারম্যান
আবদুল্লাহ আল নোমান, বেসরকারি
সংগঠন ইয়ং পাওয়ার ইন সোশ্যাল
অ্যাকশনের প্রধান নির্বাহী আরিফুর
রহমান ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের
নৃতত্ত্ব বিভাগের সহযোগী অধ্যাপক ও
বিভাগীয় প্রধান সাদাফ নূর ইসলাম।
মন্ত্রীর বক্তব্যের পর সংলাপে
অংশগ্রহণকারী অন্যান্য প্যানেল
আলোচক ও সাধারণ দর্শকরা
রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ সামগ্রিক
ভূমিকার জন্য ছাত্রলীগের তীব্র
সমালোচনা করেন। বিএনপি নেতা
আবদুল্লাহ আল নোমান বলেন,
ছাত্রলীগ তার সামগ্রিক কর্মকাণ্ডের
জন্য সরকারের বোকা হয়ে দাঁড়িয়েছে।